

গার্ড অব অনারে নারী ইউএনওর বিকল্প ব্যক্তি নির্ধারণের মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির
প্রস্তাবিত সংবিধানের অবমাননা এবং নারী পুরুষের সমান অধিকারের প্রতি অবজ্ঞা ও নারীর ক্ষমতায়নের পরিপন্থী
সুপারিশের তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট

১৩ জুন ২০২১ ইং তারিখ রোববার মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির একটি বৈঠকে - বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুর পর গার্ড অব অনার দেওয়ার ক্ষেত্রে নারী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) বিকল্প ব্যক্তি নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য মন্ত্রণালয়কে সুপারিশ জানানো হয়েছে। কারণ হিসেবে বৈঠকে উপস্থিত একজন সংসদ সদস্য উল্লেখ করেন যে, বাংলাদেশের প্রচলিত ধর্মীয় প্রেক্ষাপটে একজন নারীর মৃত ব্যক্তির জানাজায় অংশগ্রহণ স্বীকৃত নয়। সেই আলোকে বীর মুক্তিযোদ্ধাদের গার্ড অব অনার দেওয়ার ক্ষেত্রে যেখানে নারী ইউএনও আছেন, সেখানে বিকল্প একজন পুরুষ কর্মকর্তা নির্ধারণ করা প্রয়োজন।

যেখানে আমাদের দেশের সর্বোচ্চ আইন, সংবিধান, এবং আন্তর্জাতিক মানবাধিকার আইন, নারীর প্রতি সকল ধরনের বৈষম্য নির্মূল সনদ (সিডও) দ্বারা নারীর প্রতি বৈষম্য সম্পূর্ণ রূপে নিষিদ্ধ করা হয়েছে; সেখানে এরূপ সুপারিশ তাদের সংকীর্ণমনা চিন্তা-ধারণা, এবং নারীর প্রতি বৈষম্যমূলক মনোভাবেরই প্রতিচ্ছবি।

আইন ও অনুশীলনে লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং লিঙ্গ সমতা নিশ্চিত করা রাষ্ট্রের একটি মৌলিক কর্তব্য। এর মধ্যে সমস্ত সরকারী পরিষেবা এবং প্রতিষ্ঠানে লিঙ্গভিত্তিক সমতা নিশ্চিত করার দায়িত্ব, এবং ক্ষতিকারক সাংস্কৃতিক চর্চা এবং ধারাকে দূরীকরণ এবং লিঙ্গভিত্তিক পূর্বধারণাগুলিকে পরিবর্তন করার দায়িত্বও অন্তর্ভুক্ত রয়েছে।

পরিশেষে, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি কর্তৃক রাষ্ট্রীয় দায়িত্বে নিয়োজিত নারীদের প্রতি যে চরম অবমাননাকর ও অসম্মানজনক সুপারিশ এবং এর স্বপক্ষে যে সকল অযৌক্তিক যুক্তিসমূহ প্রদান করা হয়েছে; তার তীব্র নিন্দা ও বিরোধিতা করছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। কমিটির উত্থাপিত এরূপ সুপারিশ বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৯ (৩)-সুযোগের সমতা, অনুচ্ছেদ ২৭- আইনের দৃষ্টিতে সমতা এবং অনুচ্ছেদ ২৮- লিঙ্গ বৈষম্য বিলোপ এর লঙ্ঘন এবং নারীর অধিকার প্রতিষ্ঠা ও সুরক্ষায় সরকারের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারের সাথে সম্পূর্ণ সাংঘর্ষিক। তাই, রাষ্ট্রীয় দায়িত্বে নিয়োজিত নারীদের প্রতি এই চরম অবমাননাকর এবং অসম্মানজনক সুপারিশটি পরবর্তীতে কোনরূপ বিবেচনায় না নিয়ে তাৎক্ষণিকভাবে প্রত্যাহার করার জন্য আমরা জোরালো আবেদন জানাচ্ছি।